

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০১৫

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩১.০৪২.১২/১৪৫৫—যেহেতু, আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম পিয়াস, নাটোর জেলার নলডাঙ্গা পৌরসভায় কাউন্সিলর পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে মামলা নং ১৫/১২ (নলডাঙ্গা), তারিখ ২৪-০৩-১০ সাত্তাহার রেলওয়ে থানা মামলা নং-০২, তারিখ ৮-৬-১২ নলডাঙ্গা থানার মামলা নং ০৭, তাং ১৭-১১-১৪ খ্রিঃ মামলা আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, অভিযোগ পত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ার বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন না হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা)(সংশোধন) আইন, ২০১০ এর ৩১(১) ধারা মোতাবেক কাউন্সিলরের পদ হতে সাময়িকভাবে বরখাস্তযোগ্য।

যেহেতু, বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, এরূপ অভিযোগ পত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ার কারণে স্থানীয় সরকার (পৌরসভা)(সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩১(১) বিধানমতে পৌরসভার কাউন্সিলর-কে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে; এবং

(৮৮৪৫)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম পিয়াস, কাউন্সিলর, নলডাঙ্গা পৌরসভা, নাটোর-কে সরকার সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা)(সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক নাটোর জেলার নলডাঙ্গা পৌরসভার কাউন্সিলর জনাব মোঃ শরিফুল ইসলাম পিয়াস-কে নলডাঙ্গা পৌরসভার কাউন্সিলরের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আনিছুলজামান
সহকারী সচিব।